

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৮

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

بَابُ الْإِيْمَانِ بِالْقَدْرِ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي رَجُلٌ شَابُّ وَأَنَا أَخَافُ عَلَى نَفْسِي الْعَنَتَ وَلَا أَجِدُ مَا أَتَزَوَّجُ بِهِ النِّسَاءَ كَأَنَّهُ يَسْتَأْذِنُهُ فِي الإخْتِصَاءِ قَالَ: فَسَكَتَ عَنِي نَفْسِي الْعَنَتَ وَلَا أَجِدُ مَا أَتَزَوَّجُ بِهِ النِّسَاءَ كَأَنَّهُ يَسْتَأْذِنُهُ فِي الإخْتِصَاءِ قَالَ: فَسَكَتَ عَنِي أُمَّ قُلْتُ مِثْلَ ذَلِكَ فَسَكَتَ عَنِي ثُمَّ قُلْتُ مِثْلَ ذَلِكَ فَسَكَتَ عَنِي ثُمَّ قُلْتُ مِثْلَ ذَلِكَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَا أَبَا هُرَيْرَةَ جَفَّ الْقَلَمُ بِمَا أَنْتَ لَاقٍ فَاخْتَصِ على ذَلِك أَو ذَرِكَ . رَوَاهُ البُخَارِي

#### বাংলা

৮৮-[১০] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি বললাম, হে আল্লাহর রসূল! আমি একজন যুবক মানুষ। তাই আমি আমার সম্পর্কে ব্যভিচারের জড়িয়ে পড়ার আশংকা করছি। অথচ কোন নারীকে বিবাহ করার (আর্থিক) সঙ্গতিও আমার নেই। আবৃ হুরায়রাহ্ (রাঃ) যেন খাসী হবার অনুমতিই প্রার্থনা করছিলেন। আবৃ হুরায়রাহ্ (রাঃ) বলেন, এ কথা শুনে তিনি প্রত্যুত্তর না দিয়ে নীরব থাকলেন। আমি আবারও অনুরূপ প্রশ্ন করলাম। এবারও তিনি নীরব থাকলেন। সুতরাং আমি ঐরূপ প্রশ্ন করলাম, এবারও তিনি নীরব থাকলেন। আমি চতুর্থবার সেরূপ প্রশ্ন করলে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে আবৃ হুরায়রাহ্! তোমার জন্য যা ঘটবার আছে তা আগে থেকেই তোমার ভাগ্যে নির্ধারিত হওয়ার মাধ্যমে কলম শুকিয়ে গেছে। এখন তুমি এটা জেনে খাসীও হতে পারো বা এমন ইচ্ছা পরিত্যাগও করতে পারো। (বুখারী)[1]

## **English**

Chapter: Belief in the Divine Decree - Section 1

### Abu Huraira said:

I told God's messenger that I, being a young man, was afraid of committing fornication, and I had no means to enable me to marry a wife. (It was as though he was asking permission to have himself made a eunuch.) He gave me no reply, so I repeated what I had said, but he gave me no reply. I



repeated it again, but he gave me no reply. I repeated it once more and the Prophet said, "Abu Huraira, the pen has written all it has to write\* about your destiny, so have yourself made a eunuch on that account, or leave things as they are."

Bukhari transmitted it.

\* Lit. "the pen dried up".

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪৬৮৬ (সনদ ছাড়া বর্ণনা করেছেন), নাসায়ী ৩২১৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৪৬৫, সহীহ আল জামি' ৭৮৩২। الْفَيْتُ (আল 'আনাত) এ হাদীসের দ্বারা যিনা, ব্যভিচার উদ্দেশ্য। 'আল্লামা মুফ্রির বলেন : যা কিছু ঘটেছে এবং যা কিছু ঘটছে বা ভবিষ্যতে ঘটবে সবকিছুই অনন্তকালে নির্ধারিত। অতএব, খাসীকরণ বা খোজাকরণে কোন উপকার নেই। চাইলে তুমি করতে পারো বা নাও করতে পারো। এ কথাটি খাসীকরণ বা খোজাকরণের ব্যাপারে অনুমতি নেই এবং অনর্থক একটি অঙ্গহানীর কারণে অনুমতি প্রার্থনায় এটি তিরস্কার বা ভৎর্সনা। (মিরকাত)

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (جَفَّ الْقَلَمُ بِمَا أَنْتَ لَاقٍ) অর্থাৎ- তোমার যা কিছু ঘটবে তা লিখে অবসর হওয়ার পর কলাম (কলম) শুকিয়ে গেছে। তুমি তোমার জীবনে যা কিছুর সম্মুখীন হবে তা তোমার জন্য নির্ধারিত। তোমার জন্য ফায়সালা করা রয়েছে। কোন কারণে তোমার নির্ধারিত বিষয়ে পরিবর্তন ঘটবে না। অতএব নির্ধারিত পরিবর্তন ঘটানোর উদ্দেশে কোন প্রকার হারাম কাজে লিপ্ত হওয়া বৈধ নয়।

فَاخْتُصِ عَلَى ذَلِكَ أَوْ ذَنْ) অর্থাৎ- তুমি তা কর বা না কর তোমার ব্যাপারে নির্ধারিত তারুদীর বাস্তবায়ন হবেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54647

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন